



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ  
আইন শাখা-১  
পরিবহণ পুল ভবন (কক্ষ নং-৯১২)  
সচিবালয় লিংক রোড, ঢাকা।  
www.tmed.gov.bd

পত্র সংখ্যা-৫৭.০০.০০০০.০৪৬.৯৯.০০২.২০-৪৪২

তারিখঃ ২৩ অগ্রহায়ণ ১৪২৭  
০৮ ডিসেম্বর ২০২০

বিষয়ঃ নরসিংদী জেলার পলাশ উপজেলাধীন ইছাখালী ফাজিল ডিগ্রী মাদ্রাসা'র সহকারী শিক্ষক (সমাজবিজ্ঞান) জনাব মো: কুতুব উদ্দিন (বর্তমানে বরখাস্তকৃত) কর্তৃক দায়েরকৃত রিট পিটিশন নং-১১১৩৮/২০১৯ মামলায় মহামান্য হাইকোর্ট কর্তৃক গত ০৫/১১/২০১৯ তারিখে প্রদত্ত রায়/আদেশের বিষয়ে গৃহীত ব্যবস্থার তথ্য প্রেরণ সংক্রান্ত।

সূত্র: (১) টিএমইডি'র স্মারক নং- ৫৭.০০.০০০০.০৪৬.৯৯.০০২.২০-২৮২, তারিখ: ৩০/০৯/২০২০ খি:।  
(২) ডিএমই'র স্মারক নং- ৫৭.২৫.০০০০.০০৫.২০.০০২.১৯-১৪১, তারিখ: ২০/১০/২০২০ খি:।

উপর্যুক্ত বিষয়ে সূত্রসমূহের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মহামান্য হাইকোর্টে দায়েরকৃত রিট পিটিশন নং-১১১৩৮/২০১৯ মামলার বিষয়ে কোন নথি টিএমইডি'র আইন শাখায় খুজে না পাওয়ায় রিট মামলাটিতে রেসপনডেন্ট কে বা কারা সে বিষয়ে তথ্যাদি না থাকায় রিট মামলার বুলনিশিসহ কতিপয় তথ্য জানানোর জন্য ডিজি, ডিএমই বরারব গত ৩০/৯/২০২০ খি. তারিখে সূত্রোক্ত (১) নং পত্র প্রেরণ করা হয়।

২। তৎপ্রেক্ষিতে ডিএমই হতে সূত্রোক্ত (২) নং স্মারকমূলে প্রেরিত তথ্যাদি পর্যালোচনায় দেখা যায়- নরসিংদী জেলার পলাশ উপজেলাধীন ইছাখালী ফাজিল ডিগ্রী মাদ্রাসা'র সহকারী শিক্ষক (সমাজবিজ্ঞান) জনাব মো: কুতুব উদ্দিন-কে বরখাস্ত করার কারণে উদ্ভূত তাঁর অভিযোগের প্রতিকারের জন্য গত ২৭/০৫/২০১৯ তারিখে চেয়ারম্যান, বামাশিবো বরারব আবেদন দাখিল করা হয়।

৩। উক্ত চেয়ারম্যান, বামাশিবো বরারব দাখিলকৃত ২৭/০৫/২০১৯ তারিখের আবেদনের আলোকে প্রতিকার না পাওয়ায় আলোচ্য সহকারী শিক্ষক (সমাজবিজ্ঞান) জনাব মো: কুতুব উদ্দিন কর্তৃক দাখিলকৃত আবেদনটি নিষ্পত্তি করার জন্য সংশ্লিষ্টদের প্রতি নির্দেশনা দাবী করে মহামান্য হাইকোর্টে রিট পিটিশন নং-১১১৩৮/২০১৯ মামলা দায়ের করা হয়। উক্ত মামলায় সচিব, টিএমইডি, ভিসি, ইআবি, ডিজি, ডিএমই এবং চেয়ারম্যান, বামাশিবোসহ মোট ১১ (এগার) জন-কে রেসপনডেন্ট করা হয়েছে।

৪। উক্ত রিট পিটিশন নং- ১১১৩৮/২০১৯ মামলায় মহামান্য হাইকোর্ট কর্তৃক গত ০৫/১১/২০১৯ তারিখে প্রদত্ত রায়/আদেশ এর শেষাংশ নিম্নরূপ-

"Accordingly, we direct the respondent no. 5 to dispose of the representation of the petitioner dated 27.05.2019 (Annexure-H to the Writ Petition) within 60 (sixty) days from the date of receipt of a copy of this order. With this direction, the Writ Petition is summarily disposed of without any order as to costs.

৫। পিটিশনার কর্তৃক ২৭/০৫/২০১৯ তারিখে চেয়ারম্যান, বামাশিবো বরারব দাখিলকৃত আবেদনটি আদেশ প্রাপ্তির ৬০(ষাট) দিনের মধ্যে বিধি মোতাবেক নিষ্পত্তি করার জন্য ৫ নং রেসপনডেন্ট (চেয়ারম্যান, বামাশিবো)-কে নির্দেশনা প্রদান করা হয়।

৬। রিট পিটিশন নং- ১১১৩৮/২০১৯ মামলার গত ০৫/১১/২০১৯ তারিখের রায়/আদেশ এর আলোকে প্রতিকার না পাওয়ায় (পিটিশনার এর ২৭/০৫/২০১৯ তারিখের আবেদনটি নিষ্পত্তি না হওয়ায়) পিটিশনার কর্তৃক সচিব, টিএমইডি বরারব Contempt Notice প্রেরণ করা হয়।

৭। উল্লেখ্য- বর্ণিত প্রতিষ্ঠানটি ফাজিল (ডিগ্রী) পর্যায়ের মাদ্রাসা যার সাময়িক বরখাস্তকৃত শিক্ষক-কর্মচারীদের চূড়ান্ত বরখাস্তের সিদ্ধান্ত বা অনুমোদনের বিষয়টি ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় এর আপিল এন্ড আরবিট্রেশন কমিটি কর্তৃক সম্পন্ন করা হয়ে থাকে। তথাপি যেহেতু পিটিশনার (সহকারী শিক্ষক) কর্তৃক ২৭/০৫/২০১৯খি. তারিখে চেয়ারম্যান, বামাশিবো বরারব আবেদন দাখিল করা হয়েছে এবং রিট পিটিশন নং-১১১৩৮/২০১৯ মামলার ০৫/১১/২০১৯ তারিখের রায়/আদেশেও পিটিশনার কর্তৃক ২৭/০৫/২০১৯খি.দাখিলকৃত আবেদনটি আদেশ প্রাপ্তির ৬০ (ষাট) দিনের মধ্যে নিষ্পত্তি করার জন্য ৫নং রেসপনডেন্ট (চেয়ারম্যান, বামাশিবো)-কে নির্দেশনা প্রদান করা হয়েছে সেহেতু রিট মামলার নির্দেশনা অনুযায়ী ৫নং রেসপনডেন্ট (চেয়ারম্যান, বামাশিবো) কর্তৃক কি ব্যবস্থা গ্রহণ করা হয়েছে সেটাসহ ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় কর্তৃক এ বিষয়ে কোন ব্যবস্থা গৃহীত হলে থাকলে তাও জানা আবশ্যিক।

৮। এমতাবস্থায়, রিট পিটিশন নং- ১১১৩৮/২০১৯ মামলার ০৫/১১/২০১৯ তারিখের রায়/আদেশ অনুযায়ী পিটিশনার কর্তৃক ২৭/০৫/২০১৯খি. দাখিলকৃত আবেদনটি নিষ্পত্তিকরণে কি ব্যবস্থা গ্রহণ করা হয়েছে এর তথ্য (প্রমাণকসহ) আগামী ১৫/১২/২০২০ খি. তারিখের মধ্যে আবশ্যিকভাবে টিএমইডি-কে অবহিত করার জন্য নির্দেশক্রমে মহোদয়-কে অনুরোধ করা হল।

(মো: শ্রী: খালেদ মিজবান)  
সিনিয়র সহকারী সচিব (আইন)  
ফোন-৪১০৫০১৫৭।

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, বকশিবাজার, ঢাকা।
- ২। রেজিস্ট্রার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ১২৪/২২, ব্লক-এ, রোড নং-৩, পশ্চিম ধানমন্ডি, বহিলা, ঢাকা।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, গার্লস গাইড হাউজ (৭ম ও ১০ম তলা), নিউ বেইলী রোড, রমনা, ঢাকা-১০০০।
- ২। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৩। সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৪। অতিরিক্ত সচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ (অতিরিক্ত সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৫। অতিরিক্ত সচিব (মাদ্রাসা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, (অতিরিক্ত সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৬। অফিস কপি/মাষ্টার কপি।